



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রণালয়ের নাম লিখুন

উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ,

ছবি আপলোড করুন/ হেডিং লিখুন

ময়মনসিংহ

ছবি আপলোড করুন/ হেডিং লিখুন

উপপরিচালকের দপ্তর

---

---

### সেবা প্রদান প্রতিশ্রুত পরিবীক্ষণ কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ জাহাঙ্গীর আলম উপপরিচালক
সভার তারিখ	০২ ফেব্রুয়ারি
সভার সময়	১২:৩০ ঘটিকা
স্থান	উপপরিচালকের কার্যালয় মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
উপস্থিতি	নিবেদিতা দে, সহকারী পরিচালক (সংযুক্ত), মুহাম্মদ সালাহ উদ্দীন কবির, সহকারী পরিচালক, শতাব্দী রায়, বৈজ্ঞানিক কর্মকর্তা, চিত্র সরকার, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা (সংযুক্ত), উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। শুরুতেই সংশ্লিষ্ট পরিবীক্ষণ কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী সম্পর্কে সদস্যগণের মতামত আহ্বান করা হয়। সকল সদস্য কার্যবিবরণী প্রাপ্ত হয়েছেন এবং কোন সংশোধন প্রস্তাব নেই মর্মে মত ব্যক্ত করায় ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব উপপরিচালকের কার্যালয়সহ অধীনস্থ ৪ টি জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি আলোচনার জন্য উপস্থাপন করেন। বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতিসমূহ পর্যালোচনায় দেখা যায় উপপরিচালকের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক সংশোধন করা হয়েছে। অধীনস্থ ৪টি জেলার জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনায় নিম্নরূপ বিচ্যুতি পরিলক্ষিত হয়।

কার্যালয়ের নাম	বিচ্যুতি
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ	সেবা প্রদান প্রতিশ্রুতি মন্ত্রিপরিষদ নির্ধারিত ফরমেটে প্রস্তুত নয়।
	ওয়েব পোর্টালে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতির উপরে ডান কোণে 'ওয়েব পোর্টালে প্রকাশের জন্য' এবং হালনাগাদের তারিখ উল্লেখ নেই।
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নেত্রকোণা	নাগরিক সেবার ক্ষেত্রে প্রদত্ত সেবার বাইরে একাধিক সেবার অন্তর্ভুক্তি।
	ওয়েব পোর্টালে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতির উপরে ডান কোণে 'ওয়েব পোর্টালে প্রকাশের জন্য' এবং হালনাগাদের তারিখ উল্লেখ নেই।
	নাগরিক সেবার ক্ষেত্রে প্রদত্ত সেবার বাইরে একাধিক সেবার অন্তর্ভুক্তি।

জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জামালপুর	ওয়েব পোর্টালে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতির উপরে ডান কোণে 'ওয়েব পোর্টালে প্রকাশের জন্য' এবং হালনাগাদের তারিখ উল্লেখ নেই।
	৪ নং কলামে প্রয়োজনীয় কাগজপত্রাদির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্রাদির উল্লেখ নেই।
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, শেরপুর	অভ্যন্তরীণ সেবার পর “জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর তরুণ প্রদত্ত সেবা” উপশিরোনামে কপিতয় সেবা উল্লেখ।
	ওয়েব পোর্টালে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতির উপরে ডান কোণে হালনাগাদের তারিখ উল্লেখ নেই।
	৭ নং কলামে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য উল্লেখ নেই।
	৮ নং কলামে উর্ধতন কর্তৃপক্ষের তথ্য হিসাবে বর্তমান জেলা মৎস্য কর্মকর্তার তথ্য উল্লেখ করা হয়নি।

অতপর সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনাতে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত:

১। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মাঠপর্যায়ের কার্যালয়সমূহের ব্যবহারের জন্য অনুমোদিত ফরম্যাট অনুসরণ পূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন করে প্রতি ত্রৈমাসিকে সংশ্লিষ্ট ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।

২। নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবার ক্ষেত্রে কেবল দপ্তর প্রদত্ত সেবাসমূহের উল্লেখ থাকবে।

৩। ওয়েব পোর্টালে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতির উপরে ডান কোণে 'ওয়েব পোর্টালে প্রকাশের জন্য' এবং হালনাগাদের তারিখ উল্লেখ থাকবে। আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৯-০২-২০২৩

মোঃ জাহাঙ্গীর আলম

উপপরিচালক

০১৭১২৮৭৯০০০

alam.zahangir69@yahoo.com

তারিখ: ৬ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ

১৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৩.০২.৬১০০.৩০৮.৪৪.০০২.২২.৯৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর;

২। বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য সম্পদ জরিপ পদ্ধতি শাখা, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ এবং

৩। মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।



২১-০২-২০২৩

মুহাম্মদ সালাহ উদ্দীন কবির

সহকারী পরিচালক